নির্বাচন পেছানোর নেপথ্যে বিএনপি-জামায়াতের ভূমিকা স্পষ্ট: এনসিপি



সংগৃহীত ছবি

আসন্ন জাতীয় নির্বাচন যদি ফেব্রুয়ারির প্রথম ভাগের পর পিছিয়ে যায়, তবে তার দায়ভার বিএনপি ও জামায়াতের—এমন মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী। তার মতে, এ দুই দলের অবাস্তব রাজনৈতিক দাবির কারণেই জুলাই সনদ বাস্তবায়ন প্রক্রিয়া বাধাগ্রস্ত হয়েছে।

আজ সোমবার (১০ নভেম্বর) রাজধানীর বাংলামোটরে এনসিপির অস্থায়ী কেন্দ্রীয় কার্যালয়ে 'জুলাই সনদে শ্রমিক শ্রেণির রাজনৈতিক অবমূল্যায়ন' শীর্ষক আলোচনা সভায় এই মন্তব্য করেন তিনি।

সভায় এনসিপির যুগ্ম আহ্বায়ক সারোয়ার তুষার বলেন, "নির্বাচনের উত্তেজনার মধ্যে জুলাই সনদের বাস্তবায়ন প্রশ্নটি যেন হারিয়ে না যায়। সরকার ও রাজনৈতিক দলগুলোকে এ বিষয়ে স্পষ্ট অবস্থান নিতে হবে।"

তিনি আরও অভিযোগ করেন, "জুলাই সনদ নিয়ে সরকারের আচরণ এখন সাপলুডুর মতো—একবার এগোয়, আবার পিছিয়ে যায়। এটি রাজনৈতিক স্থিতিশীলতার জন্য শুভ নয়।"

নাসীরুদ্দীন পাটওয়ারী বলেন, "দেশের জনগণ সংস্কারের পক্ষে থাকলেও বিএনপি উল্টো পথে চলছে। কেউ যদি '২৪-এর অভ্যুত্থান কার্ড' খেলতে চায়, এনসিপি তা বরদাস্ত করবে না।"